




রোহিঙ্গা সংকট সমাধানে চীনের সহযোগিতা চাইলেন রাষ্ট্রপতি



রাষ্ট্রপতি মির্জা ফখরুল ইসলাম আলমগীর। ছবি: সংগৃহীত

বাংলাদেশে চীনের বিনিয়োগ বাড়ানো এবং রোহিঙ্গাদের নিরাপদ ও টেকসই প্রত্যাবাসনে সহযোগিতা জোরদারের আহ্বান জানিয়েছেন রাষ্ট্রপতি মির্জা ফখরুল ইসলাম আলমগীর।

বুধবার (৩০ সেপ্টেম্বর) বঙ্গভবনে বিদায়ী চীনা রাষ্ট্রদূত ইয়াও ওয়েনের সঙ্গে সাক্ষাতে তিনি এ আহ্বান জানান।

রাষ্ট্রপতি বলেন, রোহিঙ্গা সংকট সমাধানে চীনের ভূমিকা প্রশংসনীয়। সংকটের স্থায়ী সমাধান ও প্রত্যাবাসনের পরিবেশ তৈরিতে চীনের আরও সহযোগিতা প্রয়োজন। একই সঙ্গে তৈরি পোশাক, বৈদ্যুতিক যান, লাইট ইঞ্জিনিয়ারিং, ইলেকট্রনিকস, সেমিকন্ডাক্টর ও সৌরশক্তিসহ বিভিন্ন খাতে চীনা বিনিয়োগ বাড়ানোর আহ্বান জানান তিনি।

কুনমিং-চট্টগ্রাম করিডর ও চীন-মিয়ানমার-বাংলাদেশ অর্থনৈতিক করিডরের মতো আঞ্চলিক যোগাযোগ উদ্যোগের প্রতি সমর্থন জানিয়ে রাষ্ট্রপতি বলেন, পারস্পরিক স্বার্থে চীন ও সংশ্লিষ্ট দেশগুলোর সঙ্গে কাজ করতে প্রস্তুত বাংলাদেশ।

মোংলা বন্দর আধুনিকায়ন এবং চায়না ইকোনমিক অ্যান্ড ইনফ্রাস্ট্রাকচার জোন প্রতিষ্ঠার উদ্যোগও দুই দেশের অর্থনৈতিক সম্পর্ক জোরদারে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে উল্লেখ করেন তিনি।